৭

দৈনিক ইত্তেফাক

JUN. 1 9 1999
তারিখ ...
পৃঃ ৪ কলাম ৬

# একটি গ্রামে বয়স্ক শিক্ষার হার

ঢাকার ধামরাই থানাধীন বালিয়া আদর্শ একটি গ্রাম। দুঃখের বিষয় এই যে, একটি সরকারী প্রাথমিক বিদ্যালয় ও একটি উচ্চ বিদ্যালয় থাকা সত্ত্বেও গ্রামটি এখনো সম্পূর্ণ নিরক্ষরতার অভিশাপ হইতে মুক্তি পায় নাই। সরকারের খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচীতে আকৃষ্ট হইয়া শিশুরা স্কুলে আসিলেও তাহাদের পিতা-মাতারা এখনো নিরক্ষর। এই পিতামাতাদের সাক্ষরতাদানের উদ্দেশ্যে একটি এনজিও প্রতিষ্ঠান আগাইয়া আসে এবং তাহাদের কর্মসূচী সমাপ্ত করিয়া স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে গ্রামটিকে 'নিরক্ষরতামুক্ত গ্রাম' হিসাবে ঘোষণা করে। কিন্তু পরবর্তী সময়ে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ তাঁহাদের পেশাগত দায়িত্ব পালন করিতে গিয়া জরিপকালে দেখিতে পান, ৪০% লোক নিরক্ষর। ফলে উক্ত গ্রামে এনজিও-র কর্মসূচী প্রশ্নের সম্মুখীন। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

কে,এম, খালেদ রেমান,
গ্রাম ও ডাকঃ বালিয়া,
থানাঃ ধামরাই, ঢাকা।